[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

খালেক, গাংনী পৌর মেয়র আহাম্মেদ আলী ও এমপি পত্নি লাইলা আনজুমান বানু।

অনুষ্ঠানে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব সম্পর্কে আলেঅকপাত করেন প্রধান অতিথী সাহিদুজ্জামান খোকন। তিনি তাঁর আত্মার মাগফিরাত কামনা করেন। পরে ৬জন নারীকে সেলাই মেশিন প্রদান করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জাপা(মঞ্জু) নেতা আব্দুল হালিম, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, নজরুল ইসলাম, মনিরুজ্জামান আতুসহ সরকারী দপ্তরের বিভিন্ন কর্মকর্তা বৃন্দ।

মুজিবনগরে বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব এর ৯১ তম জন্ম বার্ষিকীতে আলোচনা সভা

মেহেরপুরের মুজিবনগরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এর ৯১ তম জন্ম বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা,সেলাই মেশিন ও আর্থিক সহায়তা বিতরণ অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সকাল ১১টার সময় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ও উপজেলা প্রশাসন এর আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকার এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্হিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আনিছুজ্জামান খাঁন।
উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার তার বক্তব্য বলেন ৮ আগস্ট ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী, মহিয়সী নারী, বাঙালির সকল লড়াই-সংগ্রাম-আন্দোলনের নেপথ্যের

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় আইসিইউ শয্যার শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলাবাসীর দীর্ঘ দিনের স্বপ্ন সদর হাসপাতালে আইসিইউ স্থাপনের। সেই স্বপ্ন বাস্তবে রূপ নিয়েছে আজ। ঢাকাস্থ বেসরকারি সংস্থা সাজেদা ফাউন্ডেশনের উদ্যোগে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ৪৪ জন জনবল নিয়ে আইসিইউ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।
শনিবার সকাল সাড়ে দশটায় জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আইসিইউ’র কার্যক্রমের উদ্বোধন করেন।

সাজেদা ফাউন্ডেশনের চুয়াডাঙ্গার মুখপাত্র ডা. ইয়াছির আরাফাত বলেন, সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। আইসিইউ’র জন্য ১০ জন চিকিৎসক, ১৪ জন নার্স, ৭ জন যত্ন নেয়া সহকারি, ৬ জন পরিচ্ছন্নতাকর্মী, ৩ জন নিরাপত্তা প্রহরী, ৩ জন গ্রাহক সেবী ও ১ ন হিসাব রক্ষক থাকবে। আইসিইউতে শয্যা থাকবে ৬ টি এবং হাইডিফেন্ডেন্সি ইউনিটে শয্যা থাকবে ৮ টি। এখানে থাকবে ভেন্টিলেশন ব্যবস্থা, হাইফ্লো মেশিন ও বাইপ্যাট মেশিন।

উদ্বোধনীয় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা: এএসএম মারুফ হাসান, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, পৌর মেয়র জাহাঙ্গীর আলম, বিএমএ সভাপতি ডা: মার্টিন হীরক চৌধুরী, সিনিয়র গাইনী কনসালটেন্ট ডা: আকলিমা খাতুন, আরএমও ডা: ফাতেহ আকরাম, সাজেদা ফাউন্ডেশনের চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তারা।

মেহেরপুরে নতুন করে আরও ৩৯ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৪

মেহেরপুরে নতুন করে আরও ৩৯ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৪ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১০ জন, গাংনীতে ২৫ জন,

মুজিবনগর ০৪ জন।

শনিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৭৫ টি। তারমধ্যে ৩৯ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৬০ জন। তার মধ্যে সদরে ১৭৮ জন, গাংনীতে ২৯৫ জন এবং মুজিবনগরে ৮৭ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৫৭ জন । মৃতদের মধ্যে সদরে ৭০ জন, গাংনী ৫২ জন ও মুজিবনগরে ৩৫ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

শৈলকুপা ত্রিবেণী ইউনিয়নে গণ টিকার কার্যক্রম শুরু

শৈলকুপা উপজেলার ১ নং ত্রিবেণী ইউনিয়নে সরকারি প্রাথমিক বিদ্যালয় পঞ্চাশোর্ধ ব্যক্তিদেরকে টিকা প্রদান করা হয়েছে।

শনিবার সকালে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কমিটির ধর্মবিষয়ক সম্পাদক সাইফুর রহমান সেন্টু উপস্থিত থেকে টিকা কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এবং সাধারণ সম্পাদক এবং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি এবং সাধারণ সম্পাদকসহ টিকা প্রদানের কর্মরত ছিলেন শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্যকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

[illegible]

[illegible] [illegible] [illegible] [